# Nesifin®

Liquid Paraffin + Magnesium Hydroxide

**Description: Nesifin®** Oral Emulsion contains Liquid paraffin which acts as a lubricant & Magnesium hydroxide is used as an antacid and also acts as a laxative.

**Mode of action:** Liquid Paraffin acts by softening and lubricating the faeces and at the same time decreases absorption of water from stool that relieves constipation and reduces the pain of some conditions such as piles.
Magnesium hydroxide increases peristaltic activity causing osmotic retention of fluids, thus resulting in bowel evacuation. It also reduces stomach acid by reacting with hydrochloric acid to form Magnesium chloride.

**Pharmacokinetics:** Absorption of liquid paraffin following oral administration is minimal. The liquid paraffin which is absorbed is distributed into the mesenteric lymph nodes, intestinal mucosa, liver and spleen.
Only a small amount of the magnesium from Magnesium hydroxide is usually absorbed from a person's intestine (unless the person is deficient in magnesium). Magnesium is mainly excreted by the kidneys.

**Composition: Nesifin® Oral Emulsion:** Each 5 ml Emulsion contains Liquid Paraffin BP 1.25 ml & Magnesium Hydroxide USP 300 mg.

**Indications**
**Nesifin® Oral Emulsion** is indicated for-
- Constipation
- Hyperacidity with constipation
- Anorectal disorder
- Post-operative constipation
- Constipation associated with chronic cholecystitis
- Hernia

**Dosage & administration**
The recommended oral doses are as follows-
*Adults:* 15-30 ml before breakfast or at bedtime.
*Children:* Over 7 years: 7.5 ml-15 ml at bedtime.
2-7 years: 5-10 ml at bedtime.
The dose may be mixed with milk or half a glass of water if desired.

**Contraindications:** Acute GI conditions like abdominal pain.

**Side effects:** Rectal irritation, potassium loss (thirst, weakness,nausea and diarrhea).

**Use in pregnancy & lactation: Nesifin®** Oral Emulsion can be given to pregnant and lactating mother.

**Precautions:** Renal and hepatic impairment. Maintain adequate fluid intake.

**Drug interactions:** Cimetidine, Diuretics, Famotidine and Ranitidine may cause irritation of stomach or bowel.

**Over dosage:** There are no reported cases of over dosage.

**Storage:** Keep out of reach of children. Store in a dry place, below 25°C temperature and protected from light.

**Packaging**
**Nesifin® 100 ml Oral Emulsion:** Each carton contains a bottle having 100 ml oral Emulsion and a 20 ml measuring cup.

# নেসিফিন®

লিকুইড প্যারাফিন + ম্যাগনেসিয়াম হাইড্রোক্সাইড

**বিবরণ: নেসিফিন®**-এ আছে লিকুইড প্যারাফিন যা লুব্রিকেন্ট হিসেবে কাজ করে এবং ম্যাগনেসিয়াম হাইড্রোক্সাইড এন্টাসিড ও ল্যাক্সেটিভ হিসেবে কাজ করে।

**কার্যপদ্ধতি:** লিকুইড প্যারাফিন অন্ত্রের মলকে নরম ও পিচ্ছিল করার মাধ্যমে কাজ করে এবং সাথে সাথে অন্ত্রের মল হতে পানি শোষণ কমিয়ে দিয়ে কোষ্ঠকাঠিন্য ও পাইলস্ জাতীয় রোগের ব্যথা নিরাময় করে। ম্যাগনেসিয়াম হাইড্রোক্সাইড পেরিস্টালটিক এ্যাকটিভিটি বাড়ানোর মাধ্যমে ফ্লুইডের অসমোটিক রিটেনশন ঘটায় যার ফলে বাওয়েল ইভাকুয়েশন হয়ে থাকে। এছাড়াও এটি হাইড্রোক্লোরিক এসিডের সাথে বিক্রিয়া করে পাকস্থলীর অম্ল বা এসিড কমায়।

**ওষুধের উপর শরীরের ক্রিয়া (ফার্মাকোকাইনেটিক্স):** লিকুইড প্যারাফিন মুখে সেবনের পর শরীরে এর শোষণের হার খুবই কম। যতটুকু লিকুইড প্যারাফিন শোষিত হয় তা মেসেন্টারিক লিমফ নোডস, অন্ত্রের কোষে, যকৃতে এবং প্লীহাতে ডিসট্রিবিউশন হয়।
যদি কোন ব্যক্তির ম্যাগনেসিয়ামের অভাব থাকে তবে অতি অল্প পরিমান ম্যাগনেসিয়াম (যা ম্যাগনেসিয়াম হাইড্রোক্সাইড হতে আসে) ঐ ব্যক্তির অন্ত্র দিয়ে শোষণ হতে পারে।

**উপাদান: নেসিফিন® ওরাল ইমালশন:** প্রতি ৫ মিলি ইমালশন-এ রয়েছে ১.২৫ মিলি লিকুইড প্যারাফিন বিপি এবং ৩০০ মিগ্রা ম্যাগনেসিয়াম হাইড্রোক্সাইড ইউএসপি।

**নির্দেশনা**
**নেসিফিন®** ওরাল ইমালশন নিম্নলিখিত ক্ষেত্রে নির্দেশিত–
- কোষ্ঠকাঠিন্য
- হাইপারএসিডিটির সাথে কোষ্ঠকাঠিন্য
- এনোরেক্টাল ডিজঅর্ডার
- অপারেশনের পরে কোষ্ঠকাঠিন্য
- পিত্তথলির সমস্যার কারণে কোষ্ঠকাঠিন্য
- হার্নিয়া

**মাত্রা ও প্রয়োগ**
মুখে খাবার জন্য নির্দেশিত মাত্রা হল-
*প্রাপ্তবয়স্ক:* ১৫-৩০ মিলি সকালের নাস্তার অথবা ঘুমানোর আগে।
*শিশু:* ৭ বছরের উপরে: ৭.৫-১৫ মিলি ঘুমানোর আগে।
২-৭ বছর: ৫-১০ মিলি ঘুমানোর আগে।
প্রয়োজনে দুধ অথবা অর্ধেক গ্লাস পানির সাথে মিশিয়ে সেবন করা যাবে।

**বিরুদ্ধ ব্যবহার** *(যেসব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না)*: অন্ত্রের যে কোন এক্যিয়ুট অবস্থায় ব্যবহার নিষিদ্ধ, যেমন- তলপেটে ব্যথা।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** পায়ু পথে চুলকানি হতে পারে এবং পটাসিয়ামের ঘাটতি হতে পারে (পিপাসা, দুর্বলতা, বমি বমি এবং ডায়রিয়া)।

**গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার:** গর্ভবতী ও স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।

**সতর্কতা:** যকৃতের ও কিডনীর সমস্যাজনিত রোগীর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে এবং পর্যাপ্ত পানি পান করতে হবে।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:** সিমেটিডিন, ডাইইউরেটিকস, ফেমোটিডিন এবং রেনিটিডিনের সাথে ব্যবহারে পেটে ব্যথা হতে পারে।

**মাত্রাধিক্য:** মাত্রাধিক্যের কোন ঘটনা জানা যায়নি।

**সংরক্ষণ:** শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ২৫°সে. তাপমাত্রার নিচে এবং শুষ্কস্থানে রাখুন।

**উপস্থাপনা**
**নেসিফিন® ১০০ মিলি ওরাল ইমালশন:** প্রতি বক্সে রয়েছে ১০০ মিলি ওরাল ইমালশন এর একটি বোতল এবং পরিমাপের জন্য ২০ মিলি কাপ।

409-03

Opsonin
Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.